

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ১৬/২০২১

জে,

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : দেশের অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহ কর্তৃক প্রদত্ত আদেশের ফটো-সার্টিফাইড কপি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস (কোভিড-১৯) জনিত উদ্ভূত পরিস্থিতিতে দেশের অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহ কর্তৃক প্রদত্ত আদেশের ফটোকপি যথাযথ কোর্ট ফি পরিশোধ সাপেক্ষে সংশ্লিষ্ট বেষ্ট সহকারী দ্বারা প্রমাণীকৃত (authenticated) এবং জেলা জজ/মহানগর দায়রা জজ/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত বিচারক/ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমত সংশ্লিষ্ট আদালত/ট্রাইব্যুনালের বিচারক কর্তৃক পৃষ্ঠাংকনের (endorse) পর ফটো-সার্টিফাইড কপি হিসেবে গণ্য হবে।

২। উক্তরূপে প্রমাণীকৃত (authenticated) ও পৃষ্ঠাঙ্কিত (endorsed) আদালতের সংশ্লিষ্ট আদেশের ফটো-সার্টিফাইড কপি সংগ্রহ করে মামলার পক্ষগণ উচ্চতর আদালতে দাখিল করতে পারবেন।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোন : ৯৫৬২৭৮৫

E-mail: rg@supremecourt.gov.bd


স্মারক নং- ২৫৮২

জে,

তারিখ : ১৪ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ.....(সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৪. বিচারক, বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ/নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/শিশু আদালত/সন্ত্রাস দমন ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল/জননিরাপত্তা বিদ্রোহকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,(সকল)
৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৬. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি,(সকল)
৭. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৯. নোটিশ বোর্ড।


(কাজী আরাফাত উদ্দীন)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)
ফোনঃ ৯৫৬১৯৩২।